**গ্যাস ট্রান্সমিশন কোম্পানী লিমিটেড (জিটিসিএল)**

(পেট্রোবাংলার একটি কোম্পানী)

প্লট: এফ-১৮/এ, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা

আগারগাঁও, ঢাকা-১২০৭।

**বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (Annual Performance Agreement) ২০২২-২৩ এর আওতায় জিটিসিএল-এর সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে ত্রৈমাসিক ভিত্তিতে আয়োজিত ৪র্থ সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | নজরুল ইসলাম, মহাব্যবস্থাপক (ট্রান্সমিশন-ইস্ট), জিটিসিএল |
| সভার তারিখ | : | ২৩.০৫.২০২৩ |
| সভার সময় | : | সকাল ১১: ০০ |
| স্থান | : | অনলাইন |
| উপস্থিতি | : | রেকর্ডেড |

কমিটির আহবায়ক উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে ত্রৈমাসিক ভিত্তিতে আয়োজিত ৪র্থ সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর আহবায়কের অনুমতিক্রমে উপ-মহাব্যবস্থাপক (কমন সার্ভিসেস্) ও ফোকাল পয়েন্ট সিটিজেন চার্টার কমিটি, জিটিসিএল, সেবা প্রদান প্রতিশ্রুতির আওতায় কোম্পানির আওতাধীন ০৬ (ছয়)টি আঞ্চলিক স্থাপনা/দপ্তরসমূহের প্রধানের সমন্বয়ে অনলাইন সিস্টেম (জুম আইডি)-এর মাধ্যমে এ সভার আয়োজন করা হয়েছে মর্মে সভাকে অবহিত করেন। তিনি আরও বলেন যে, সেবা প্রদান প্রতিশ্রুতির আওতায় কিভাবে আঞ্চলিক স্থাপনা/দপ্তরসমূহের সাথে আন্তঃসম্পর্ক বৃদ্ধি ও সেবার মান  উন্নত করা যায় সে বিষয়ে নিম্নোক্ত স্থাপনাসমূহের প্রধানদের সাথে জিটিসিএল-এর সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির সদস্যদের সমন্বয়ে এ সভার আয়োজন করা হয়েছে;

ক) ডেমরা সিজিএস

খ) আইসিএস-ফেনী

গ) কম্প্রেসর ডিপার্টমেন্ট-আশুগঞ্জ

ঘ) কম্প্রেসর ডিপার্টমেন্ট-এলেঙ্গা

ঙ) আরটিডি-খুলনা এবং

চ) টিবিএস-বগুড়া

আলোচ্য বিষয়ে কমিটির আহবায়ক অনলাইন সভায় অংশগ্রহণকারী সকলকে উন্মুক্ত আলোচনায় অংশগ্রহণের নিমিত্ত আহবান জানান। উক্ত আলোচনায় সেবা প্রদান প্রতিশ্রুতির আওতায় জিটিসিএল-এর আওতাধীন আঞ্চলিক স্থাপনা/কার্যালয়সমূহের প্রধানগণ স্থাপনা/কার্যালয়সমূহ পরিচালনায় তাদের পারস্পরিক সুবিধা-অসুবিধা নিয়ে বিশদ আলোচনা করেন। অনলাইন আলোচনা সভায় অংশগ্রহণকারী প্রতিনিধিগণ জিটিসিএল-আন্তঃবিভাগ, ডিপার্টমেন্ট, সেকশনের মধ্যে তাদের পারস্পরিক সম্পর্ক নিয়ে সন্তুষ্টি প্রকাশ করেন।

জিটিসিএল-এর ব্যবস্থাপক ও ইনচার্জ, ডেমরা সিজিএস সভাকে অবহিত করেন যে, এই স্থাপনার অধীন দুটি পাইপলাইন রয়েছে। এই স্থাপনায় আউটসোর্সিং ভিত্তিতে ০১ (এক) জন মালী ও ০২ (দুই) জন পরিচ্ছন্নতা কর্মী নিয়োজিত রয়েছে যা প্রয়োজনের তুলনায় অপ্রতুল। এর মধ্যে ০১ (এক) জন পরিচ্ছন্নতা কর্মী দিয়ে পাম্প অপারেট করা হয়। স্থাপনায় প্রয়োজনীয় সংখ্যক পরিচ্ছন্নতা কর্মী নিয়োজিত না থাকায় স্থাপনাটি পরিষ্কার-পরিচ্ছন্ন রাখা সম্ভব হচ্ছে না। এছাড়া দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের নিমিত্ত স্থাপনাটিতে উপ-ব্যবস্থাপক, সহকারী প্রকৌশলী এবং উপ-সহকারী প্রকৌশলী পর্যায়ের জনবল প্রয়োজন। পাশাপাশি স্থাপনাটিতে লাইটিং সমস্যা বিদ্যমান। সামান্য ঝড়-বৃষ্টিতে বিদ্যুৎ বিভ্রাট ঘটে; ফলশ্রুতিতে কাজ করতে সমস্যার সম্মুখীন হতে হয়। এ সময় বর্ণিত সমস্যাসমূহ সমাধানে যথাযথ কর্তৃপক্ষের নিকট উপস্থাপন করা হবে মর্মে উপ-মহাব্যবস্থাপক (কমন সার্ভিসেস্) সভাকে অবহিত করেন। এছাড়া মহাব্যবস্থাপক (ট্রান্সমিশন-ওয়েস্ট) পাম্প অপারেটরসহ অন্যান্য প্রয়োজনীয় জনবল দ্রুত নিয়োগ প্রদানের বিষয়ে একমত ব্যক্ত করেন।

আরটিডি-খুলনা এর উপ-ব্যবস্থাপক ও ইনচার্জ তার অধীনস্থ এলাকায় ৭৯ কি.মি পাইপলাইন, ০৫টি ভাল্ব স্টেশন, ০১টি টিবিএস এবং ০১টি সিজিএস রয়েছে; যার নিরাপত্তায় ৪৮ জন পেট্রোলম্যান ও সিকিউরিটি গার্ড নিয়োজিত রয়েছে বলে সভায় উল্লেখ করেন। নিয়োজিত নিরাপত্তা জনবলের দায়িত্ব সম্পর্কে সচেতনতা ও দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে কোম্পানির সিকিউরিটি এন্ড এস্টেট ডিপার্টমেন্ট এর মাধ্যমে প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণের জন্য তিনি অনুরোধ জানান। এছাড়া স্থাপনাটিতে সহকারী ব্যবস্থাপক/সহকারী কর্মকর্তা পর্যায়ের কোন নিরাপত্তা কর্মকর্তা নিয়োজিত নাই। বর্তমানে স্থাপনাটিতে ইনচার্জ ব্যতীত ০১ জন সহকারী প্রকৌশলী ও ০১ জন কর্মচারী কর্মরত রয়েছে যাদের দাপ্তরিক কার্যক্রম সম্পাদনের জন্য কোন ফার্নিচার নাই। এছাড়া পেট্রোবাংলার উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ ও অন্যান্য আগত অতিথিদের বসার জন্য কোন সুব্যবস্থা নাই। স্থাপনাটি ৫ একর জায়গা নিয়ে গঠিত যা পরিষ্কার-পরিচ্ছন্ন রাখতে সাংগঠিক কাঠামোয় ০২ জন মালী ও ০২ জন পরিচ্ছন্নতা কর্মীর সংস্থান রয়েছে। কিন্তু অদ্যবধি কোন জনবল নিয়োগ প্রদান করা হয় নি। এ সময় সরকারি ব্যয়ে কৃচ্ছতা সাধনের জন্য ফার্নিচার ক্রয় বন্ধ ছিল বলে উপ-মহাব্যবস্থাপক (কমন সার্ভিসেস্) সভাকে অবহিত করেন। নিষেধাজ্ঞা প্রত্যাহার হওয়ায় বর্তমানে ফার্নিচার ক্রয়ের কার্যক্রম পুনরায় শুরু হয়েছে। ফার্নিচারের চাহিদা প্রদান করলে প্রকিউরমেন্ট ডিপার্টমেন্ট এর মাধ্যমে দ্রুত ক্রয়ের ব্যবস্থা করা হবে। মহাব্যবস্থাপক (ট্রান্সমিশন-ওয়েস্ট) বলেন যে, জনবলের সমস্যা সমস্ত স্থাপনায় রয়েছে। এটি সমাধানে যথাযথ কর্তৃপক্ষের নিকট উপস্থাপন করা হবে।

কম্প্রেসর ডিপার্টমেন্ট-আশুগঞ্জ এর প্রধান ও উপ-মহাব্যবস্থাপক সভাকে অবহিত করেন যে, আশুগঞ্জ কম্প্রেসর স্টেশনে পদায়নকৃত জনবলের টার্নওভার বেশি হওয়ায় কম্প্রেসর স্টেশন পরিচালনায় নিজস্ব দক্ষ জনবল প্রস্তুত করা সম্ভব হচ্ছে না। এছাড়া কোভিড-১৯ এর কারণে বৈদেশিক প্রশিক্ষণের আয়োজন করা সম্ভব হয় নি।

ভেড়ামারা সিজিএস এর ব্যবস্থাপক ও ইনচার্জ বলেন, বর্তমান সাংগঠিক কাঠামো মোতাবেক স্থাপনাতে পর্যাপ্ত পরিচ্ছন্নতা কর্মী ও মালী নিয়োজিত নাই। এছাড়া এক স্থাপনার বিপরীতে জনবল নিয়োগ দিয়ে অন্য স্থাপনায় কাজ করানো হচ্ছে। এর ফলে কোন ব্যক্তিকে চুক্তিভিত্তিক কাজ করানো পরবর্তীতে বিল উপস্থাপন করলে তা প্রসেস হচ্ছে না যেহেতু এর বিপরীতে জনবলের বেতন পরিশোধ করা হচ্ছে। তিনি আরও যুক্ত করেন, ভেড়ামারা, কুষ্টিয়া এবং খুলনা স্থাপনায় নবনিযুক্ত কর্মকর্তাদের দাপ্তরিক কার্যক্রম সম্পাদনের জন্য ফার্নিচার নাই; ফলে দাপ্তরিক কার্যক্রম ব্যাহত হচ্ছে। এছাড়া ভেড়ামারা ও খুলনা স্থাপনার কাছাকাছি কোথাও সিএনজি স্টেশন নাই বিধায় প্রায় ১৬ কি.মি দূরবর্তী এলাকা হতে স্থাপনা দুটিতে সংযুক্ত গাড়ির জন্য সিএনজি সংগ্রহ করতে হয়। তিনি স্থাপনা দুটিতে সিএনজি ভিত্তিক গাড়ির পরিবর্তে ডিজেল ভিত্তিক গাড়ি প্রদানের অনুরোধ জানান।

এ প্রেক্ষিতে উপ-মহাব্যবস্থাপক (কমন সার্ভিসেস্) জানান, স্থাপনার যে কোন কর্মকর্তার নামে অগ্রিম গ্রহণের মাধ্যমে স্থানীয়ভাবে ফার্নিচার ক্রয় কার্য সম্পাদন করা যেতে পারে যেহেতু প্রধান কার্যালয় হতে ফার্নিচার বহন করে নিয়ে যাওয়া দুরূহ। নতুবা ইআরপি সিস্টেমে ফার্নিচারের চাহিদা প্রদান করলে বর্তমান চুক্তি মোতাবেক প্রকিউরমেন্ট ডিপার্টমেন্ট এর মাধ্যমে ক্রয় কাজ সম্পাদন করা যেতে পারে। এছাড়া ভেড়ামারা ও খুলনা স্থাপনা দুটিতে সিএনজি ভিত্তিক গাড়ির পরিবর্তে ডিজেল ভিত্তিক গাড়ি প্রদানের বিষয়ে তিনি বলেন যে সকল স্থানে সিএনজি নাই সেখানে ডিজেল ভিত্তিক গাড়ি প্রদানের বিষয়ে ব্যবস্থা গ্রহণের জন্য কর্তৃপক্ষ বরাবর উপস্থাপন করা হবে।

আইসিএস-ফেনী এর উপ-ব্যবস্থাপক ও ইনচার্জ তার বক্তব্যে বলেন, আইসিএস-ফেনী একটি 'গ' শ্রেণিভুক্ত কেপিআই স্থাপনা। এই স্থাপনায় বিভিন্ন সময়ে সরকারের উর্ধ্বতন ব্যক্তিবর্গ পরিদর্শনে আসেন। স্থাপনাটিতে কোন পরিচ্ছন্নতা কর্মী না থাকায় আগত অতিথিদের আপ্যায়ন ও স্থাপনা পরিষ্কার-পরিচ্ছন্ন রাখা সম্ভব হচ্ছে না। তিনি জরুরী ভিত্তিতে স্থাপনাটিতে ০১ (এক)জন পরিচ্ছন্নতা কর্মী নিয়োগ প্রদানের অনুরোধ জানান। তিনি আরও যুক্ত করেন, ইমপ্রেস্ট ফান্ডের বিপরীতে বরাদ্দকৃত ৳২০,০০০/- (বিশ হাজার) টাকা দিয়ে ভাল্ব স্টেশন রক্ষণাবেক্ষণ সম্ভব হচ্ছে না। তিনি ইমপ্রেস্ট ফান্ডের বিপরীতে বরাদ্দের পরিমাণ বৃদ্ধির অনুরোধ জানান। এছাড়া আইসিএস-ফেনী এর বৈদ্যুতিক সংযোগটি পল্লী বিদ্যুৎ এর; যার ফলে অধিকাংশ সময় বিদ্যুৎ থাকে না। সামান্য ঝড়-বৃষ্টি হলেই বিদ্যুৎ সংযোগ বন্ধ থাকে। এর ফলে জেনারেটর ও ইউপিএস এর উপর চাপ সৃষ্টি হয়। তিনি আইসিএস-ফেনী এর বৈদ্যুতিক সংযোগটি পল্লী বিদ্যুৎ এর পরিবর্তে পিডিবিতে স্থানান্তরের বিষয়ে অনুরোধ জানান। এ প্রসঙ্গে উপ-মহাব্যবস্থাপক (কমন সার্ভিসেস্) বলেন, যদি পিডিবি এর সঙ্গে যোগাযোগপূর্বক লাইন সংযোগ নেয়া সম্ভব হয়, তবে তা করার উদ্যোগ নেয়া যেতে পারে।

পরিশেষে আহবায়ক সভায় উপস্থিত সকল অংশগ্রহণকারীকে তাদের মূল্যবান বক্তব্য প্রদানের জন্য ধন্যবাদ জ্ঞাপন করেন। সভায় উল্লিখিত সমস্যাসমূহ নিরসনে কর্তৃপক্ষের নিকট উপস্থাপন করা হবে। সর্বশেষ আজকের এই সভা

আয়োজনের জন্য সদস্য-সচিবকে ধন্যবাদ জ্ঞাপন করেন। অন্য কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সভার কার্যক্রম সমাপ্তি ঘোষণা করেন।

(সরোজ কান্তি মজুমদার)
উপ-মহাব্যবস্থাপক (কমন সার্ভিসেস্) ও
সদস্য সচিব, সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত
পরিবীক্ষণ কমিটি, জিটিসিএল

(নজরুল ইসলাম)
মহাব্যবস্থাপক (ট্রান্সমিশন-ইস্ট) ও
আহবায়ক, সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত
পরিবীক্ষণ কমিটি, জিটিসিএল

**বিতরণ (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়):**

১। মহাব্যবস্থাপক (ট্রান্সমিশন-ইস্ট) ও আহবায়ক, সংশ্লিষ্ট কমিটি, জিটিসিএল, ঢাকা।
২। মহাব্যবস্থাপক (ট্রান্সমিশন-ওয়েস্ট) ও সদস্য, সংশ্লিষ্ট কমিটি, জিটিসিএল, ঢাকা।
৩। পরিচালক (অর্থ) অ.দা. ও সদস্য সংশ্লিষ্ট কমিটি, জিটিসিএল, ঢাকা।
৪। উপ-মহাব্যবস্থাপক (বোর্ড) ও সদস্য, সংশ্লিষ্ট কমিটি, জিটিসিএল।
৫। উপ-মহাব্যবস্থাপক (প্রজেক্ট প্লানিং এন্ড মনিটরিং), জিটিসিএল, ঢাকা।
৬। উপ-মহাব্যবস্থাপক (কম্প্রেসর ডিপার্টমেন্ট-আশুগঞ্জ), জিটিসিএল।
৭। উপ-মহাব্যবস্থাপক (কম্প্রেসর ডিপার্টমেন্ট-এলেঙ্গা), জিটিসিএল।
৮। ব্যবস্থাপক (পোস্টিং এন্ড প্রমোশন-কর্মকর্তা) ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা, সংশ্লিষ্ট কমিটি, জিটিসিএল, ঢাকা।
৯। ব্যবস্থাপক ও ইনচার্জ, ডেমরা সিজিএস, জিটিসিএল।
১০। উপ-ব্যবস্থাপক ও ইনচার্জ, আইসিএস-ফেনী, জিটিসিএল।
১১। উপ-ব্যবস্থাপক ও ইনচার্জ, আরটিডি-খুলনা, জিটিসিএল।
১২। ইনচার্জ, টিবিএস-বগুড়া, জিটিসিএল।
১৩। উপ-ব্যবস্থাপক (সমন্বয়), ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, জিটিসিএল, ঢাকা।
১৪। অফিস কপি।